

নিউ ইয়র্ক ফরওয়ার্ড লোন ফান্ড (New York Forward Loan Fund, NYFLF) হল একটি অর্থনৈতিক পুনরুদ্ধার ঋণ কর্মসূচী যার লক্ষ্য হল নিউইয়র্ক স্টেটের ক্ষুদ্র ব্যবসায়িক সহায়তা প্রদান করা এবং COVID-19 ছড়িয়ে পড়া ও নিউইয়র্ক স্টেট (NYS) সাময়িকভাবে স্থব্র হলে যাওয়ার পরে আবার শুরু করা সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসা, অলাভজনক ও ক্ষুদ্র বাড়িওয়ালাদের গুরুত্ব দেওয়া।

### নিউইয়র্ক ফরওয়ার্ড ফান্ড লোনের প্রস্তাবিত শর্তাদি:

#### যোগ্যতা

- 20 জন অথবা তার কম কর্মীযুক্ত ক্ষুদ্র ব্যবসায়িক প্রতিষ্ঠান এবং অলাভজনক ব্যবসায়িক প্রতিষ্ঠান (যেগুলি মার্কিন যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসা প্রশাসন (Small Business Administration, SBA) পেচেক সুরক্ষা কর্মসূচী (Paycheck Protection Program, PPP) অথবা SBA অর্থনৈতিক আঘাত দুর্যোগ ঋণ (Economic Injury Disaster Loans, EIDL) কারও থেকেই ঋণ পেত না।
- ক্ষুদ্র বাড়িওয়ালারা যারা এই প্রাদুর্ভাব/সাময়িক বন্ধের কারণে আয় হারিয়েছেন তারাও মার্কিন যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসা প্রশাসন (Small Business Administration, SBA) পেচেক সুরক্ষা কর্মসূচী (Paycheck Protection Program, PPP) অথবা SBA অর্থনৈতিক আঘাত দুর্যোগ ঋণ (Economic Injury Disaster Loans, EIDL) কারও থেকেই ঋণ পাননি।

#### সুদের হার

- ক্ষুদ্র ব্যবসা এবং ক্ষুদ্র বাড়িওয়ালাদের জন্য বার্ষিক সুদের হার 3%।
- অলাভজনক ব্যবসার জন্য বার্ষিক সুদের হার 2%।

#### ঋণ শোধের সূচী

- ঋণের কিছু অংশ বা সম্পূর্ণ ক্ষমায়োগ্য নয়।
- সুদ সহ 60 মাসের সময়কাল:
  - 0-12 মাস: কেবল সুদের টাকা শোধ, মাসিক কিস্তিতে প্রদেয়, এবং
  - 13-60 মাস: সুদ এবং আসলের টাকা শোধ সরল হারে ভাগ করে, মাসিক কিস্তিতে প্রদেয়।

#### উপার্জনের ব্যবহার

- ইনভেন্টরি, নতুন সামাজিক দূরত্বের নির্দেশনার জন্য রিফিটিং, পরিচালন ও জরুরি রক্ষণাবেক্ষণ, সম্পত্তি কর, ইউটিলিটিস, ভাড়া, যোগান ইত্যাদি সহ কার্যকরী মূলধন।
- অন্য কোনও ঋণ পুনরায় অর্থায়ন করা অনুমোদিত নয়।

#### জামানত

- কোন জামানতের প্রয়োজন নেই।

#### ঋণগ্রহীতার ফি

- কোনও দরখাস্ত ফি লাগবে না।

#### ঋণের পরিমাণ

- ক্ষুদ্র ব্যবসায়িক প্রতিষ্ঠান এই পরিমাণের কম ঋণের জন্য আবেদন করতে পারে: (a) \$100,000 অথবা (b) 2019 এর যেকোনো 3 মাস মেয়াদ অথবা 2020 এর প্রথম তিনমাসের গড় মাসিক আয়ের 100%।
- অলাভজনক ব্যবসায়িক প্রতিষ্ঠান এই পরিমাণের কম ঋণের জন্য আবেদন করতে পারে: (a) \$100,000 অথবা (b) 2019 এর যেকোনো 3 মাস মেয়াদ অথবা 2020 এর প্রথম কোয়ার্টারের গড় মাসিক আয়ের 100%।
- ক্ষুদ্র বাড়িওয়ালারা এই পরিমাণের কম ঋণের জন্য আবেদন করতে পারে: (a) \$100,000 অথবা (b) 2020 সালের এপ্রিল অথবা মে মাসের আসল মোট সম্পাদিত আয়ের ঘাটতির উপর ভিত্তি করে 3-মাসের সম্ভাব্য মোট সম্পাদিত আয়ের ঘাটতি।

#### প্রধান অংশীদারগণ:



যে সমস্ত অঞ্চলগুলি বা শিল্পোদ্যোগগুলি খুলে গেছে তাদের জন্য প্রাক-দরখাস্ত চালু রয়েছে। আবেদন করতে বা আরও জানতে, পরিদর্শন করুন [www.nyloanfund.com](http://www.nyloanfund.com)